



<http://www.irelandawamileague.com/>

প্রকাশিত হয়েছে: সোমবার, ২৫শে নভেম্বর ২০১৯

Article's Direct Newspaper Link

"আয়ারল্যান্ড আওয়ামী লীগের আহ্বায়ক কমিটি নিয়ে ক্ষুব্ধ প্রতিক্রিয়া প্রকাশ ডাবলিন আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের।"



কিছুদিন আগে বিতর্কিত আহ্বায়ক কমিটি গঠনকে কেন্দ্র করে আয়ারল্যান্ড আওয়ামী লীগের সকল সাংগঠনিক কর্মকান্ড স্থবির হয়ে পড়েছে। জানা যাচ্ছে আহ্বায়ক কমিটিতে বিএনপি, জামায়েত ও অনুপ্রবেশকারীদেরকে স্থান দেওয়াতে ইউরোপিয়ান আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলামের উপর দলের সংখ্যা গরিষ্ঠ লোকজন নাখোশ হয়েছেন।

এই বিষয়ে সত্যতা যাচাই করতে চাইলে ডাবলিন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অলক সরকার জানান, ঘটনাটি ১০০ ভাগ সত্য। বিএনপি জামায়েত ও অনুপ্রবেশকারীদের দলে স্থান দিয়ে অত্যন্ত গুরুতর অপরাধ করেছেন নজরুল ইসলাম সাহেব। তিনি এই কমিটি গঠনের বিষয়ে আমাদের দলীয় নেতৃবৃন্দ বা আমাদের কারো সাথেই আলাপ আলোচনা করেননি। আমরা এটাকে আয়ারল্যান্ড আওয়ামী লীগ কে ধ্বংসের এক নজিরবিহীন পদক্ষেপ হিসেবেই দেখবো। এমন লোকও কমিটিতে আছে আমরা যারা

দীর্ঘ সময় ধরে এখানে রাজনীতি করি তাদেরকে কখনোই দেখিনি। উনি যখন আয়ারল্যান্ডে কর্মী সম্মেলনে আসেন তখন তিনি এখানকার প্রাক্তন শিবিরের সাথে কিছুদিন আগে আওয়ামী লীগের নেতা বনে যাওয়া এই লোকের তত্ত্বাবধানে হোটেলের লাঞ্চারিয়াস প্রেসিডেন্ট স্যুটে রাত্রিাপন করেন। অথচ যখন ইউরোপীয়ান আওয়ামী লীগের সাবেক সভাপতি অনিল দাস গুপ্ত যখন দলীয় কাজে আয়ারল্যান্ডে এসেছিলেন তখন তিনি হোটেল ভাড়াটা পর্যন্ত আমাদের কাউকে দিতে দেননি। আমরা ধারণা করি ওই দিন হোটেলের প্রেসিডেন্ট স্যুটে নজরুল ইসলাম সাহেব তাদের সকলকে নিয়ে ঐদিনই কমিটি গঠনের একটি খসড়া তৈরী করেন।

তিনি আরো জানান, নজরুল ইসলাম সাহেবের এই কমিটি গঠনের নমুনা দেখে আমরা এটাও ধারণা করি উনি গুরুতর মাত্রায় একজন সাম্প্রদায়িক ব্যক্তি কারণ আয়ারল্যান্ড আওয়ামী লীগের ভালো, মেধাবী রাজনীতিবিদ বাঙালী হিন্দু সম্প্রদায়, বুড্ডিস্ট সম্প্রদায় ও ক্যাথলিক খ্রিস্টিয়ান সম্প্রদায়ের লোক থাকা স্বত্তেও তিনি শুধুমাত্র লোক দেখানোর জন্য একজন কে সেখানে রেখেছেন। আমরা এখানে বিএনপি জামায়াতের রাজনীতি করছি না। আমি ঠিক জানি না ওনার রাজনৈতিক ব্যাকগ্রাউন্ড কি তবে ওনার এখানকার কর্মকাণ্ডেই প্রকাশ হচ্ছে আওয়ামী লীগের রাজনীতি সম্পর্কে ওনাকে আরো অধ্যয়ন করতে হবে। যেহেতু সংখ্যাগরিষ্ঠদের এই কমিটির বিষয়ে সমর্থন নেই, তাই এই কমিটি অবিলম্বে বাতিল করার দাবি জানাচ্ছি।

আয়ারল্যান্ড আওয়ামী লীগের অনেকের সাথেই এই বিষয়ে কথা বলে একই ধরনের মনোভাব পাওয়া গেছে। অনেকেই এই কমিটি বাতিলের প্রতি সমর্থন জানিয়েছেন।